# গাজীপুরে নিষিদ্ধ ছাত্রলীগের মিছিলের ভিডিও ভাইরাল



ছবি: সংগৃহীত

গাজীপুর মহানগরের ন্যাশনাল পার্ক এলাকায় নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের ব্যানারে ঝটিকা মিছিলের একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে। শনিবার (২৫ জুলাই) মিছিলটি অনুষ্ঠিত হলেও রোববার ভিডিওটি ভাইরাল হলে বিষয়টি নিয়ে আলোচনা শুরু হয়।

ভিডিওটি নজরে আসার পর মিছিলে অংশ নেওয়া ব্যক্তিদের শনাক্ত ও গ্রেপ্তারে তদন্ত শুরু করেছে গাজীপুর মেট্রোপলিটন পুলিশ (জিএমপি)। ভাইরাল ভিডিওতে থাকা ব্যানারে 'সুলতান মো. সিরাজুল ইসলাম সভাপতি গাজীপুর জেলা ছাত্রলীগ' লেখা দেখা গেছে।

স্থানীয় সূত্রের দাবি, গাজীপুর জেলা ছাত্রলীগের সভাপতি সুলতান মো. সিরাজুল ইসলাম বর্তমানে দেশের বাইরে রয়েছেন। স্থানীয়দের ভাষ্য, মিছিলে শ্রীপুর উপজেলা ছাত্রলীগের আহ্বায়ক সোহাগ সরকার নেতৃত্ব দিয়েছেন। তবে এসব তথ্য যাচাই করছে পুলিশ।

LENS ASIA

গাজীপুর সদর মেট্রো থানার ওসি মো. আমিনুল ইসলাম বলেন, বিভিন্ন এলাকা থেকে আসা কয়েকজন ব্যক্তি আকস্মিকভাবে মিছিল করে দ্রুত ঘটনাস্থল ত্যাগ করেন। ভিডিও ফুটেজ, স্থিরচিত্র ও অন্যান্য তথ্য বিশ্লেষণ করে তাদের পরিচয় শনাক্তের চেষ্টা চলছে। জড়িতদের পরিচয় নিশ্চিত হলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

জিএমপি কমিশনার মো. ইসরাইল হাওলাদার বলেন, মিছিলের বিষয়ে জিএমপির কাছে আগে থেকে কোনো নির্দিষ্ট গোয়েন্দা তথ্য ছিল না। মিছিলকারীরা জিএমপি এলাকায় ঢুকে মাত্র এক থেকে দেড় মিনিটের ঝটিকা মিছিল করে চলে যায়। পরে এর ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে প্রচারণার চেষ্টা করা হয়।

তিনি আরও বলেন, ভিডিও, সিসিটিভি ফুটেজ ও গোয়েন্দা তথ্য বিশ্লেষণ করে মিছিলে অংশ নেওয়া ও নেপথ্যে থাকা ব্যক্তিদের শনাক্ত করা হচ্ছে। কাউকেই আইনের আওতার বাইরে রাখা হবে না। এ ধরনের কর্মকাণ্ড প্রতিরোধে অন্যান্য আইনশৃঙ্খলা বাহিনীর সঙ্গে সমন্বয় জোরদার করা হবে।